# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 26 June, 2025

ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলারের সঙ্গে বৈঠকে বসেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী।বৃহস্পতিবার (২৬ জুন) বেলা ১১টার দিকে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক শুরু হয়।

বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, বৈঠকে বিএনপির সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ-ও উপস্থিত ছিলেন।

বৈঠকে দেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি, মানবাধিকার, নির্বাচন পরবর্তী পরিস্থিতি ও গণতন্ত্র চর্চা নিয়ে আলোচনা হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

বিএনপি ও কূটনৈতিক সূত্রে জানা গেছে, ইউরোপীয় ইউনিয়নের পক্ষ থেকে ধারাবাহিকভাবে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ চালিয়ে যাওয়া হচ্ছে।এর অংশ হিসেবেই আজকের এই বৈঠক।

ইউরোপীয় ইউনিয়ন রাষ্ট্রদূত মাইকেল মিলার বিএনপি,আমির খসরু মাহমুদ চৌধুরী রাজনৈতিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:11

URL: https://www.timestodaybd.com/public/politics/3732939305